

বিজিএ/কাস/২০২২/২৫৬

০৩ নভেম্বর, ২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,
আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি হতে অর্জিত সকল প্রকার আয়ের উপর কর্পোরেট টেক্স হার ১২% এবং Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারখানার ক্ষেত্রে ১০% নির্ধারন পূর্বক সরকারি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এই প্রজ্ঞাপনটি ১ জুলাই ২০২২ হতে কার্যকর হবে এবং ৩০ জুন ২০২৮ পর্যন্ত কার্যকর থাকবে।

এ সংক্রান্ত জারিকৃত প্রজ্ঞাপন এস. আর.ও. নং-১৫৮-আইন/আয়কর/২০২২ তারিখঃ ০১ জুন, ২০২২ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

সংযুক্তি: বর্ণনামতে

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ জৈরি •

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১৫৮-আইন/আয়কর/২০২২।— Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, রপ্তানি হইতে অর্জিত সকল প্রকার আয়ের উপর নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আয়কর অব্যাহতি বা, ক্ষেত্রমত, হ্রাস করিয়া প্রদেয় আয়করের হার নিম্নোক্তভাবে ধার্য করিল, যথা:-

- (ক) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার কর্তৃক অর্জিত আয়ের ৫০% করমুক্ত থাকিবে;
- (খ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতাদের অর্জিত আয়ের উপর ১২%; এবং
- (গ) স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার ব্যতীত অন্যান্য করদাতা কর্তৃক Leadership in Energy and Environmental Design (LEED) Certified কারাখানায় উৎপাদিত পণ্য রপ্তানি হইতে অর্জিত আয়ের উপর ১০%।

শর্তাবলি

- (অ) রপ্তানিকারক কে করদাতা সনাক্তকরণ নম্বরধারী (টিআইএন) হইতে হইবে;
- (আ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;
- (ই) কোন আয়বর্ষে (income year) পরিবেশ সংশ্লিষ্ট বিধি বিধান লংঘনের দায়ে সরকারের কোন কর্তৃপক্ষ কর্তৃক অর্হদন্ত আরোপিত হইলে সংশ্লিষ্ট করবর্ষে নিয়মিত হারে আয়কর পরিশোধযোগ্য হইবে;
- (২) সকল প্রকার Transportation Service, Mobile Telecommunication Service এবং Internet and Internet Related Service এর জন্য এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না।
- (৩) এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে এবং ৩০ জুন ২০২৮ পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব